১৭৮৫৩

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১৩০১১৭১/ ৩০১৮ / নথি নং- সিলেট-৮৭ তারিখ: ৪ .১২.২০১৮ খ্রি:

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বালাগঞ্জ উপজেলাধীন ইসলামিয়া মোহাম্মাদিয়া আলিম মাদ্রাসার দাখিলকৃত গভার্ণিং বডি গঠনের আবেদনের বিরুদ্ধে উক্ত এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল মুনিম অভিযোগ করেছেন। অভিযোগ পর্যালোচনা করে দেখা যায় অধ্যক্ষের অনুগত লোকদের দিয়ে একটি পকেট কমিটি গঠন করে অযোগ্য অদক্ষ, অনভিজ্ঞ লোক জনৈক আব্দুল খালিককে সভাপতি করে স্থানীয় সংসদ সদস্য জনাব ইয়াহহিয়া চৌধুরী এহিয়া সাহেব কে ভুল বুঝিয়ে তাঁর ২০/০৯/২০১৮ ইং তারিখের সুপারিশসহ গভার্ণিং বডি অনুমোদনের জন্য মাদ্রাসা বোর্ডে দাখিল করেছেন। উক্ত বিষয়টি জানাজানির পর এলাকার জনসাধারণ সহ মাদ্রাসার অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হলে স্থানীয় এমপি মহোদয় তাঁর পূর্বের দেওয়া সভাপতি মনোনয়ন সংক্রান্ত সুপারিশ বাতিল করে সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী মহোদয় কে সভাপতি মনোনয়নের সুপারিশ করে একটি তারিখ বিহীন ডি,ও লেটার প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ডি,ও লেটার দুইটি যাচাই পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ৪ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

29.11.18

প্রফেসর মো: মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: উপজেলা নির্বাহী অফিসার,
বালাগঞ্জ, সিলেট।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১৩০১১৭১/ / নথি নং- তারিখ: .১২.২০১৮ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. জেলা প্রশাসক, সিলেট।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালাগঞ্জ, সিলেট।
৩. সভাপতি/সদস্যবৃন্দ, ইসলামিয়া মোহাম্মাদিয়া আলিম মাদ্রাসা, বালাগঞ্জ, সিলেট।
৪. সুপার, ইসলামিয়া মোহাম্মাদিয়া আলিম মাদ্রাসা, বালাগঞ্জ, সিলেট।
৫. মোঃ আব্দুল মুনিম, চেয়ারম্যান, বালাগঞ্জ, সিলেট।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মো: মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয় ঃ সিলেট জেলার বালাগঞ্জ উপজেলায় অবস্থিত তিলকচানপুর আদিত্যপুর ইসলামিয়া মোহাম্মদিয়া আলিম মাদ্রাসা (EIN-130117) এর দাখিলকৃত গর্ভর্নিং বডির উর অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষর কারী বিষয়ে বর্ণিত মাদ্রাসা এলাকার শিক্ষানুরাগী এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হই। আমার ইউনিয়নে অবস্থিত মাদ্রাসার গর্ভনিং বডি গঠনের সময় মাদ্রাসার অধ্যক্ষ ভোটার তালিকা প্রনয়নে অনেক অনিয়ম করে।

অধ্যক্ষের অনুগত লোকদের দিয়ে একটি পকেট কমিটি গঠন করে একজন অযোগ্য অদক্ষ্য অনভিজ্ঞ লোক জনৈক আব্দুল খালিককে সভাপতি করে স্থানীয় সংসদ সদস্য জনাব ইয়াহিয়া চৌধুরী এহিয়া সাহেব কে ভূল বুঝাইয়া তাঁর সুপারিশ নিয়ে গর্ভর্নিং বডি অনুমোদতনের জন্য মাদ্রাসা বোর্ডে দাখিল করিয়াছেন। উক্ত বিষয়টি জানাজানির পর এলাকার জনসাধারণ সহ মাদ্রাসার অভিভাবকদের মধ্যে ক্ষোপের সৃষ্টি হইলে স্থানীয় এমপি মহোদয় তাঁর পূর্বের দেওয়া সভাপতি মনোনয়ন সংক্রান্ত সুপারিশ বাতিল করে সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী মহোদয় কে সভাপতি মনোনয়ন করে একটি ডি. ও লেটার প্রদান করেছেন মাদ্রাসাটি বর্তমানে সিলেট-৩, আসনের আত্ততাভুক্ত।

অতএব, মহোদয় সমীপে নিবেদন এই যে স্থানীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় কে প্রাধান্য দিয়ে এবং মাদ্রাসাটির বৃহত্তর স্বার্থে বর্ণিত মাদ্রাসার গর্ভর্নিং বডির সভাপতি পদে সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী এমপি মহোদয় কে মনোনীত করার জন্য বিনীত ভাবে প্রার্থনা জানাচ্ছি।

নিবেদক
০৭.১০.১৮
(মোঃ আব্দুল মুনিম)
চেয়ারম্যান
৫ নং বালাগঞ্জ ইউনিয়ন
উপজেলা-বালাগঞ্জ, জেলাঃ সিলেট।
মোবাইলঃ ০১৭১৫০১২১২১

সংযুক্তিঃ

১। সিলেট-২ আসনের মাননীয় সংসদ সদস্য
জনাব ইয়াহিয়া চৌধুরী এহিয়া মহোদয়ের ডি. ও লেটার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ আব্দুল মুনিম
Name: MD ABDUL MUNIM
পিতা: মোঃ আব্দুল মতিন
মাতা: রাহেলা খানম
Date of Birth: 18 Aug 1983
ID NO: 9110811621951

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: তিলকচাঁন পুর, ডাকঘর: বালাগঞ্জ - ৩১২০, বালাগঞ্জ, সিলেট

রক্তের গ্রুপ / Blood Group: B+

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর প্রদানের তারিখ: ০৫/০৮/২০০৮

বাংলাদেশ জাতীয় সংসদ
BANG LADESH PARLIAMENT

ইয়াহ্‌ইয়া চৌধুরী এহিয়া
সংসদ সদস্য-২৩০
সিলেট-২ (বিশ্বনাথ-বালাগঞ্জ-ওসমানীনগর)
সদস্য, পরিবেশ ও বন মন্ত্রণালয় সংসদীয় স্থায়ী কমিটি

Ref. Date.

বিষয় ঃ তিলকচানপুর-আদিত্যপুর ইসলামিয়া মোহাম্মদিয়া আলিম মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।

জনাব,

সালাম নিবেন, আমার নির্বাচনী এলাকাধীন তিলকচানপুর-আদিত্যপুর ইসলামিয়া মোহাম্মদিয়া আলিম মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী, পিতা ঃ দেলোয়ার হোসেন চৌধুরী, সাং-নুরপুর, মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩ কে মনোনীত করিলাম।

উক্ত মনোনয়নের মাধ্যমে এ সংক্রান্ত ইতিপূর্বেকার সকল মনোনয়ন এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

ধন্যবাদসহ

(ইয়াহইয়া চৌধুরী এহিয়া)
সংসদ সদস্য
২৩০, সিলেট-২ (বিশ্বনাথ-বালাগঞ্জ-ওসমানীনগর)

দৃষ্টি আকর্ষন
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

সিলেট অফিস
ধোপাদিঘীর পূর্বপাড়, সিলেট।
৭১১৬৩৮, ৭২৭৪৬৪
ychowdhury.mpsylhet2@gmail.com

বিশ্বনাথ অফিস
দারোগা সাহেব বাড়ী, দেওকলস
বিশ্বনাথ, সিলেট।
মোবাইল : ০১৭১৫-৭৪৪৭১৭

অভিবাবক সদস্য, ইবতেদায়ী শাখা

# ইসলামিয়া মোহাম্মাদিয়া আলিম মাদ্‌রাসা
# ISLAMIA MOHAMMADIA ALIM MADRASHA

তিলকচানপুর ও আদিত্যপুর
ডাক- বালাগঞ্জ, কোড নং- ৩১২০
মাদরাসা কোড নং- ১৯৬৫৩
ইন নম্বর- ১৩০১১৭
উপজেলা- বালাগঞ্জ, কোড নং- ৫৬৫
জেলা- সিলেট, কোড নং- ৬৭

Tilok Chanpur & Aditthopur
P.O: Balagonj, Code No- 3120
Madrasha Code No- 19653
EIIN No: 130117
Upozilla- Balagonj, Code No- 565
Dist- Syllhet, Code No: 67


সূত্র/স্মারক নং                                        তারিখ:....১৮/০৭/২০১৮ ইং

সভাপতি মো: আব্দুল খালিক মনোনয়নের জন্য সুপারিশ করিলাম।
[signature] ১৮/৭/১৮

ইয়াহইয়া চৌধুরী এহিয়া, এমপি
২৩০ সিলেট-২
(বিশ্বনাথ, বালাগঞ্জ, ওসমানী নগর)
সদস্য, পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

মাননীয়,
সংসদ সদস্য (বালাগঞ্জ বিশ্বনাথ, ওসমানী নগর)
সিলেট-০২

বিষয়:- মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি মনোনয়ন এর সুপারিশ প্রদান প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে, অত্র মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি পদে ০৩জনের নাম দেয়া হলো উহাদের যে, কোন একজনকে সুপারিশ করার জন্য আপনার বরাবরে আবেদন রইল।

| ক্র: নং | নাম: | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | হাজী মো: আব্দুল খালিক<br>পিং: মৃত মো: আহমদ উল্লা | গ্রাম: তিলকচানপুর-<br>বালাগঞ্জ, সিলেট | |
| ০২ | মো: আব্দুল মতিন [illegible]<br>পিং: মৃত আব্দুল করিম | গ্রাম: তিলকচানপুর-<br>বালাগঞ্জ, সিলেট | |
| ০৩ | মো: আব্দুর রউফ<br>পিং: মৃত- আব্দুল্লাহ | গ্রাম: তিলকচানপুর-<br>বালাগঞ্জ, সিলেট | |

অতএব মহোদয় সমীপে প্রার্থনা ০১ জনকে সভাপতি পদে সুপারিশ করতে আপনার মর্জি হয়।

[signature] ১৮/৭/১৮
মোঃ আব্দুল জব্বার চৌধুরী
অধ্যক্ষ
ইসলামিয়া মোহাম্মাদিয়া আলিম মাদরাসা
মাঃ কোড-১৯৬৫৩, ইন নং-১৩০১১৭
বালাগঞ্জ, সিলেট।
মোবাঃ ০১৭১২৪৫২১৯৬